117

দৈনিক বাংলা

তারিখ 12 MAR 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

### এসএসসি ঃ ভুয়া রেজিস্ট্রেশন কেলেংকারি

# ৪০ হাজার পরীক্ষার্থীর বিবরণ যশোর বোর্ডে আসেনি ঃ নানা প্রশ্ন

যশোর ব্যুরো ঃ ১১ মার্চ।– শনিবার পর্যন্ত যশোর শিক্ষা বোর্ডের সাড়ে চার হাজার ভুয়া এসএসসি পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল করা হয়েছে। এখনও পর্যন্ত ৪শ' মাধ্যমিক বিদ্যালয় থেকে পরীক্ষার্থীর বিবরণী শিক্ষা বোর্ডে পৌছেনি। ১৫ মার্চের মধ্যে ওইসব স্কুলের প্রিন্ট আউট কম্পিউটার প্রসেসের জন্য পাঠানো না হলে সেখানকার ছাত্র–ছাত্রীদের পরীক্ষা প্রদান অনিশ্চিত হয়ে পড়বে।

শিক্ষা বোর্ডের দায়িত্বশীল কর্মকর্তা জানান, সাড়ে চার হাজার ভুয়া পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল হয়েছে। আরও বাতিলের প্রক্রিয়ায় আছে। যে ৪শ' স্কুল থেকে বিবরণী বা প্রিন্ট আউট পৌছেনি, সেখানে অন্তত ৪০ হাজার পরীক্ষার্থী আছে। অনেকের ধারণা, এসব পরীক্ষার্থীর অধিকাংশই ভুয়া। তাই তারা প্রিন্ট আউট পাঠাচ্ছে না বিষয়টি ফাঁস হবার ভয়ে। শিক্ষা বোর্ড সূত্র জানায়, ১৫ মার্চের আগে প্রিন্ট আউট হাতে না পেলে পরীক্ষার আবেদন বাতিল ছাড়া গত্যন্তর থাকবে না। এর মধ্যে বৈধ পরীক্ষার্থী থাকার বিষয়ও উড়িয়ে দেয়া যায় না।

এদিকে অভিযোগ উঠেছে সময় নেই এবং প্রিন্ট আউট কম্পিউটারে পাঠাতে হবে এই অজুহাত দেখিয়ে যশোর শিক্ষা বোর্ডের বহু পরীক্ষার্থীর আবেদন যাচাই ছাড়াই বুয়েটে পাঠানো হয়েছে। এর মধ্যে বহু ভুয়া পরীক্ষার্থী আছে। বোর্ডের একটি প্রভাবশালী চক্র এ ঘটনার সাথে যুক্ত। যদিও শিক্ষা বোর্ডের তরফ থেকে বলা হয়েছে ঘটনা সত্য নয়।